



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম।

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

স্মারক নম্বর- চশিবো/বিদ্যা/চট্ট:মহা(চান্দ)/৪৪৬/৯৭/(অংশ-১)/৪৬২৫(৫), তারিখঃ ১৬/১০/২০১৯খ্রিঃ

### বিষয় : চলমান ম্যানেজিং কমিটি বাতিল এবং এডহক কমিটি গঠন সম্পর্কিত।


সূত্র : ক) তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত ১৫/০৯/২০১৯ খ্রিঃ তারিখের প্রতিবেদন।

- খ) চশিবো/বিদ্যা/চট্ট:মহা(চান্দ)/৪৪৬/৯৭/(অংশ-১)/৪৫২৪(৭), তারিখঃ ২৪/০৯/২০১৯খ্রিঃ তারিখের কারণ দর্শানো নোটিশ।  
গ) চশিবো/বিদ্যা/চট্ট:মহা(চান্দ)/৪৪৬/৯৭/(অংশ-১)/৪৫২৫(৭), তারিখঃ ২৪/০৯/২০১৯খ্রিঃ তদন্ত কমিটির সুপারিশ বাস্তবায়ন করণ।  
ঘ) সভাপতি কর্তৃক জবাব প্রদানের সময় বৃদ্ধির ০৩/১০/২০১৯ খ্রিঃ তারিখের আবেদন।  
ঙ) চশিবো/বিদ্যা/চট্ট:মহা(চান্দ)/৪৪৬/৯৭/(অংশ-১)/৪৫৮৪(৫), তারিখঃ ১০/১০/২০১৯খ্রিঃ তারিখের সময় বৃদ্ধি করণ।  
চ) সভাপতি কর্তৃক ১৫/১০/২০১৯ পুনঃ সময় বৃদ্ধির আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাকলিয়া আদর্শ উচ্চ বালিকা বিদ্যালয়ে প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষায় প্রথম স্থান অর্জনকারী জনাব মোহাম্মদ মঈন উদ্দিনকে নিয়োগ না দেয়া, স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ নাসির উদ্দিন এর স্বেচ্ছাচারিতা, আর্থিক দুর্নীতি ও প্রাক্তন প্রধান শিক্ষক জনাব এম এ ছফা চৌধুরীকে বিধি বর্হিভূতভাবে রেক্টর নিয়োগ করে অনৈতিক আর্থিক সুবিধা প্রদান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চট্টগ্রাম কে বিভ্রান্ত ও অসহযোগিতার কারণে চলমান ম্যানেজিং কমিটি বাতিল করা হল।

বিদ্যালয়ের বৃহত্তর স্বার্থে ও সুষ্ঠুভাবে একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য এবং নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে প্রবিধানমালা-২০০৯ এর ৩৯ প্রবিধি অনুযায়ী আগামী ৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে এডহক কমিটি গঠন প্রক্রিয়া সম্পন্ন করে বোর্ডে জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হল।

চেয়ারম্যানের আদেশক্রমে

  
(ড. বিপ্লব গাভুলী)  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড,

চট্টগ্রাম।

প্রাপক:

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

বাকলিয়া আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়।

চকবাজার, চান্দগাওঁ, চট্টগ্রাম।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ১। মাননীয় উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ৩। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
- ৪। জনাব মোঃ নাসির উদ্দিন, সভাপতি, বাতিলকৃত ম্যানেজিং কমিটি, বাকলিয়া আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়।